

কালের বর্ষ

বৃহস্পতিবার । ২৪ নভেম্বর ২০১৬। ১০ অগ্রহায়ণ ১৪২৩। ২৩ সফর ১৪৩৮, পৃষ্ঠা ৮



নোটিশ বোর্ড

ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে বিইউএফটি চেয়ারম্যানের সাক্ষাৎ

বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজির (বিইউএফটি) প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মোজাফফর উদ্দিন সিদ্দিক গত মঙ্গলবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে বিইউএফটির সার্বিক অগ্রগতি ও ভবিষ্যৎ কর্মপন্থার বিভিন্ন বিষয় নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়। এ সময় বিইউএফটির উপ-উপাচার্য ড. ইঞ্জিনিয়ার আইয়ুব নবী খান, রেজিস্ট্রার আনাম রফিকুল আলম, ডেভেলপমেন্ট এবং প্ল্যানিং ডিরেক্টর মুজিবুর রহমান উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।